

৭ কলেজের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফরম পূরণের সময় বৃদ্ধি

অনলাইন ডেক্স

০৮ অক্টোবর ২০২৩, ১১:০৯ পিএম



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) অধিভুক্ত রাজধানীর সরকারি সাত কলেজের ২০২২ সালের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত পরীক্ষার ফরম পূরণের সময়সীমা আগামী ১৫ অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়েছে।

আজ রবিবার তাবির ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক মো. ছানাউল্লাহ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২২ সালের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত পরীক্ষার ফরম পূরণের সময়সীমা ১৫ অক্টোবর পর্যন্ত বর্ধিত করা হলো। পরীক্ষার্থীরা অনলাইনে ১৫ অক্টোবর পর্যন্ত আবেদন করতে পারবেন। কলেজ কর্তৃপক্ষের অনলাইনে ভেরিফাই করার শেষ তারিখ ১৭ অক্টোবর। ব্যাংক ড্রাফটের শেষ তারিখ ১৮ অক্টোবর।